

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৪৩৩২

ধর্মনগর, ২২ ডিসেম্বর, ২০২৩

উত্তর ত্রিপুরা জেলাভিত্তিক মৎস্য ও প্রাণীসম্পদ বিকাশ দপ্তরের পর্যালোচনা সভা  
সরকারি প্রকল্পের সুবিধা জনগণের কাছে স্বচ্ছতার সাথে পৌছে  
দেওয়ার লক্ষ্যে কাজ করছে সরকার : প্রাণীসম্পদ বিকাশমন্ত্রী

কেন্দ্র ও রাজ্য সরকারের সমস্ত প্রকল্পের সুবিধা জনগণের কাছে স্বচ্ছতার সাথে পৌছে দেওয়ার লক্ষ্যে কাজ করছে সরকার। মৎস্য, প্রাণীসম্পদ ও তপশিলি জাতি কল্যাণ দপ্তরের উন্নয়ন কর্মসূচিগুলি নির্দিষ্ট সময়ের মধ্যে সম্পন্ন করতে হবে। আজ ধর্মনগরে উত্তর ত্রিপুরা জেলাশাসক ও সমাহর্তার কার্যালয়ের সভাকক্ষে মৎস্য, প্রাণীসম্পদ বিকাশ ও তপশিলি জাতি কল্যাণ দপ্তরের উত্তর ত্রিপুরা জেলাভিত্তিক এক পর্যালোচনা সভায় প্রাণীসম্পদ বিকাশমন্ত্রী সুধাংশু দাস একথা বলেন। পর্যালোচনা সভায় তিনি বলেন, মৎস্য, প্রাণীসম্পদ ও তপশিলি জাতি কল্যাণ দপ্তরের প্রকল্প ও পরিষেবাগুলি সম্পর্কে জনগণকে সচেতন করতে হবে যাতে জনগণ বিভিন্ন প্রকল্পের সুবিধাগুলি ভোগ করতে পারেন। উন্নয়ন কর্মসূচি রূপায়ণে মিশন মোড়ে কাজ করার জন্য তিনি সংশ্লিষ্ট দপ্তরের আধিকারিকদের নির্দেশ দেন। তাছাড়াও সভায় প্রাণীসম্পদ বিকাশমন্ত্রী সংশ্লিষ্ট দপ্তরের কর্মসূচিগুলি নিয়ে জনপ্রতিনিধি ও আধিকারিকদের সাথে মতবিনিময় করেন।

সভায় মৎস্য, প্রাণীসম্পদ বিকাশ দপ্তর ও তপশিলি জাতি কল্যাণ দপ্তরের উত্তর জেলা আধিকারিকগণ সংশ্লিষ্ট দপ্তরের বিগত দিনের কাজকর্ম ও ভবিষ্যৎ কর্মপরিকল্পনার চিত্র তুলে ধরেন। পর্যালোচনা সভায় উপস্থিত ছিলেন উত্তর ত্রিপুরা জিলা পরিষদের সভাধিপতি তবতোষ দাস, বিধায়ক শৈলেন্দ্র চন্দ্র নাথ, ধর্মনগর পুরপরিষদের চেয়ারপার্সন প্রদুৎ দে সরকার, কদমতলা পথগায়েত সমিতির চেয়ারম্যান সুব্রত দেব, দামছড়া বিএসির চেয়ারম্যান উপেন্দ্র রিয়াৎ, যুবরাজনগর পথগায়েত সমিতির চেয়ারম্যান শ্রীপদ দাস, প্রাণীসম্পদ বিকাশ দপ্তরের অধিকর্তা ডা. নীরজ কুমার চক্রবল, উত্তর জেলার অতিরিক্ত জেলাশাসক ও সমাহর্তা বিপ্লব দাস সহ সংশ্লিষ্ট দপ্তরের অন্যান্য আধিকারিকগণ।

\*\*\*\*\*